

বাংলা ট্রিবিউন

ব্র্যাক ইউনিভার্সিটিতে ‘গ্রামের একাত্তর’ এর মোড়ক উন্মোচন

বাংলা ট্রিবিউন ডেস্ক

প্রকাশিত: ২২:০৩, মার্চ ২৫, ২০১৯ | সর্বশেষ আপডেট: ২২:০৫, মার্চ ২৫, ২০১৯



ব্র্যাক ইউনিভার্সিটিতে আফসান চৌধুরী সম্পাদিত ‘গ্রামের একাত্তর’ বইটির মোড়ক উন্মোচন ও চলচ্চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৫ মার্চ) বিকেলে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে বইটির মোড়ক উন্মোচিত হয়। এরপর মুক্তিযোদ্ধা, গবেষক ও প্রত্যক্ষদর্শীদের জবানবন্দির ওপর ভিত্তি করে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রদর্শিত হয়।

মুক্তিযুদ্ধের ইতিহাস টানলে কেবল রাজনৈতিক ও সম্মুখ সময়ের কথাই আলোচিত হয়। তবে কেবল শহুরে যুদ্ধ বা রাজনৈতিক লড়াইয়ের মাধ্যমে নয় বরং সব পর্যায়ের মানুষের অংশগ্রহণের মাধ্যমে বাঙালির স্বাধীকার স্বাধীনতায় রূপ লাভ করে। গ্রামের মুক্তিযুদ্ধ, ব্যক্তির সংগ্রাম, নারীদের অবদান, শরণার্থী শিবিরের গল্পসহ মুক্তিযুদ্ধের আঞ্চলিক ইতিহাস উঠে এসেছে বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত লেখক আফসান চৌধুরী সম্পাদিত গ্রামের একাত্তর বইটিতে।

তেরটি অধ্যায় নিয়ে রচিত ‘গ্রামের একাত্তর’ সম্পাদনে আফসান চৌধুরীকে সহায়তা করেছেন একদল তরুণ গবেষক। এদেরই একজন ব্র্যাক ইউনিভার্সিটির প্রাক্তন শিক্ষার্থী ফৌজিয়া আফরোজ। ‘গ্রামের একাত্তর’ বইটি সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেন, ‘বইটির মাধ্যমে মুক্তিযুদ্ধ, মুক্তিযোদ্ধা ও তৎকালীন সমাজ ব্যবস্থার আসল চিত্র ফুটে উঠেছে।’ বইটির অপর গবেষক জাকির হোসেন তমাল বলেন, ‘আমাদের মুক্তিযুদ্ধ ও তৎকালীন দিনগুলোতে মানুষের জীবনচিত্র, তাদের সংগ্রাম-বেঁচে থাকার অনেকগুলো গল্প রয়েছে বইটিতে। বইটি মুক্তিযুদ্ধ নিয়ে পাঠককে ভিন্ন আঙ্গিকে ভাবতে বাধ্য করবে।’

গ্রামের একাত্তর গবেষণা প্রবন্ধের সম্পাদক ও ব্র্যাক ইউনিভার্সিটির ইংলিশ অ্যান্ড হিউম্যানিটিজ বিভাগের শিক্ষক আফসান চৌধুরী বলেন, ‘মুক্তিযুদ্ধের ইতিহাস কেবল রাজনৈতিক ও পাকিস্তানি বাহিনীর সাথে বাঙালির সম্মুখ সমরের মধ্যেই সীমাবদ্ধ। দেশে প্রথমবারের মতো আমরা গ্রামের মুক্তিযুদ্ধ নিয়ে পূর্ণাঙ্গ গবেষণা করেছি। মুক্তি সংগ্রামের দিনগুলোতে নারী, সংখ্যালঘুদের জীবনের দিকটা তুলে ধরেছি। মুক্তিযুদ্ধের ইতিহাসে নারীদের সহানুভূতির চোখে দেখা হয়, তাদের কৃতিত্ব, সংগ্রাম, আত্মত্যাগের কথা সেখানে খুঁজে পাওয়া যায় না। মুক্তিযুদ্ধে হিন্দু জনগোষ্ঠীর সংগ্রামের গল্প তুলে ধরেছি। মুক্তিযুদ্ধ শহরের চেয়ে গ্রামেই বেশি হয়েছে অথচ ইতিহাস থেকেই সেই গ্রামগুলোর কথাই হারিয়ে গেছে। আমরা প্রতিকূল সেই সময়গুলোতে সর্বস্ব হারানো গ্রামের মানুষের বেঁচে থাকার গল্পগুলো সবার সামনে তুলে ধরার চেষ্টা করেছি।’

‘গ্রামের একাত্তর’ বইটির মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও ব্র্যাক ইউনিভার্সিটির কন্ট্রোলার অফ এক্সামিনেশন, আহমেদ আতাউল হাকিম ও ইংলিশ অ্যান্ড হিউম্যানিটিজ বিভাগের চেয়ারপারসন প্রফেসর ফেরদৌস আজিম, পিএইচডি উপস্থিত ছিলেন।